**ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন**
রাজশাহী বিশ্ববিদ্যালয়।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং : ১/২০২৫ তারিখ : ২০.১১.২০২৫

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ)'র নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম : ক) **সহযোগী অধ্যাপক = ০১ (এক) টি স্থায়ী পদ (মার্কেটিং)**
**খ) সহকারী অধ্যাপক/প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) = ০১ (এক) টি স্থায়ী পদ (ফাইন্যান্স/হিসাববিজ্ঞান)**

বেতনক্রম : ক) সহযোগী অধ্যাপক পদে টাকা : ৫০,০০০ - ৭১,২০০ ও প্রচলিত ভাতাদি
খ) সহকারী অধ্যাপক পদে টাকা : ৩৫,৫০০ - ৬৭,০১০ ও প্রচলিত ভাতাদি
প্রভাষক পদে টাকা : ২২,০০০ - ৫৩,০৬০ ও প্রচলিত ভাতাদি

উপর্যুক্ত পদসমূহে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, আবেদন ফি, আবেদন ফরম এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ আইবিএ'র ওয়েবসাইট www.iba-ru.ac.bd-এ পাওয়া যাবে। প্রয়োজনীয় কাগজপত্র সহ ১১ (এগারো) সেট আবেদনপত্র আগামী ১৫.১২.২০২৫ তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে। প্রতি পদের জন্য প্রতি সেট দরখাস্তের সাথে সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও নম্বরপত্র, চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, চাকুরির অভিজ্ঞতার সার্টিফিকেট, সকল প্রকার গবেষণামূলক প্রবন্ধের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে।

স্বা:/-
**প্রফেসর ড. মোঃ শরিফুল ইসলাম**
পরিচালক, আইবিএ, রা:বি: যোগাযোগ : ০২৫৮৮৮৬৪১৬৭, ০২৫৮৮৮৬৪২৮৬

**শিক্ষাগত যোগ্যতা : (সহযোগী অধ্যাপক পদের জন্য)**

১. আবেদনকারীর স্ব বিষয়ে ন্যূনতম ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রী থাকতে হবে।
২. সংশ্লিষ্ট বিষয়ে আবেদনকারীর পিএইচডি ডিগ্রী থাকতে হবে।
৩. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০- এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।
৪. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধা তালিকায় কেবল ১ম হতে ৭ম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে বিষয়ভিত্তিক ওয়ার্ল্ড র‍্যাংকিং-এ প্রথম ২০০ এর মধ্যে স্থান প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে মেধা তালিকার এ ক্রমধারা শিথিলযোগ্য।
৫. সহকারী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৪ (চার) বছর সহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয় সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি- পরবর্তী ০৭ (সাত) বছরের গবেষণা অভিজ্ঞতা থাকতে হবে।
৬. স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড জার্ণালে ন্যূনতম ০৭ (সাত) টি প্রকাশনা থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে অথবা স্বীকৃত বিষয় সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষ ০৪ (চার) বছরে ন্যূনতম ০৪ (চার) টি প্রকাশনা থাকতে হবে। এই ০৪ (চার) টির মধ্যে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনায় প্রার্থীকে First/Corresponding Author হতে হবে।
৭. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় সনাতন পদ্ধতির ক্ষেত্রে উভয়টিতে প্রথম বিভাগ থাকতে হবে এবং গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০+৫.০০) এর মধ্যে কমপক্ষে ৯.০০ থাকতে হবে। তবে পৃথকভাবে কোনোটিতে জিপিএ ৪.৫০ এর কম থাকা যাবে না।

**শিক্ষাগত যোগ্যতা : (সহকারী অধ্যাপক পদের জন্য)**

১. আবেদনকারীর স্ব বিষয়ে ন্যূনতম ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রী থাকতে হবে।
২. সংশ্লিষ্ট বিষয়ে আবেদনকারীর পিএইচডি ডিগ্রী থাকতে হবে।
৩. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০- এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।
৪. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধা তালিকায় কেবল ১ম হতে ৭ম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে বিষয়ভিত্তিক ওয়ার্ল্ড র‍্যাংকিং-এ প্রথম ২০০ এর মধ্যে স্থান প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে মেধা তালিকার এ ক্রমধারা শিথিলযোগ্য।
৫. প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা, স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয়ে ০১ (এক) বছরের গবেষণা অভিজ্ঞতা অথবা বিশ্ববিদ্যালয়ে অন্তত ০১ (এক) বছরের পোস্ট ডক্টরাল অভিজ্ঞতা থাকতে হবে।
৬. স্বীকৃত পিয়ার রিভিউড/ক্লারিভেট (Clarivate) ইমপ্যাক্ট ফ্যাক্টর সম্পন্ন/ইনডেক্সড জার্ণালে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। যার মধ্যে First/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে।
৭. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় সনাতন পদ্ধতির ক্ষেত্রে উভয়টিতে প্রথম বিভাগ থাকতে হবে এবং গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০+৫.০০) এর মধ্যে কমপক্ষে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.৫০ এর কম থাকা যাবে না।
৮. রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইবিএ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইবিএ'র প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

**শিক্ষাগত যোগ্যতা : (প্রভাষক পদের জন্য)**

১. আবেদনকারীর স্ব বিষয়ে ন্যূনতম ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রী থাকতে হবে।

২. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০- এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

৩. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধা তালিকায় কেবল ১ম হতে ৭ম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে বিষয়ভিত্তিক ওয়ার্ল্ড র‍্যাংকিং-এ প্রথম ২০০ এর মধ্যে স্থান প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে মেধা তালিকার এ ক্রমধারা শিথিলযোগ্য।

৪. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় সনাতন পদ্ধতির ক্ষেত্রে উভয়টিতে প্রথম বিভাগ থাকতে হবে এবং গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০+৫.০০) এর মধ্যে কমপক্ষে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.৫০ এর কম থাকা যাবে না।

৫. রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইবিএ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইবিএ'র প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

**পরিচালক**
আইবিএ, রাঃবিঃ